

# মস্মানিত যুধী

আসসালামু আলাইকুম ওয়ারাহমাতুল্লাহ।

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজ হাসপাতাল এবং চট্টগ্রাম ইন্টারন্যাশনাল ডেন্টাল কলেজ হাসপাতাল দু'টি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের চান্দগাঁও থানাধীন শমসের পাড়ায় অবস্থিত শিক্ষা ও চিকিৎসা সেবামূলক প্রতিষ্ঠান। এ দু'টি প্রতিষ্ঠান চট্টগ্রামের কয়েকজন সু-পরিচিত শিক্ষানুরাগী, সমাজসেবক ও স্বনামধন্য ব্যক্তিবর্গের সমন্বয়ে গঠিত একটি অলাভজনক ট্রাস্ট কর্তৃক পরিচালিত। একদল দক্ষ, সৎ ও নৈতিক মান সম্পন্ন চিকিৎসক তৈরি, আন্তর্জাতিক মানের সেবা স্বল্পমূল্যে প্রদান এবং সমাজের দরিদ্র ও অসহায় রোগীদের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদানের মাধ্যমে আর্ত-মানবতার সেবা করার মহান ব্রত নিয়ে এ প্রতিষ্ঠানদ্বয় প্রতিষ্ঠিত। বর্তমানে উক্ত হাসপাতাল দু'টিতে ধনী-দরিদ্র নির্বিশেষে সকলের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য বিভিন্ন বিভাগে আগত রোগীদেরকে চিকিৎসার সকল পর্যায়ে স্বল্পমূল্যে সেবা প্রদানের ব্যবস্থা রয়েছে।

এছাড়াও হতদরিদ্র ও অসহায় রোগীদের জন্য বিনামূল্যে চিকিৎসা সেবা, ফ্রি ঔষধ প্রদান, অপারেশন ও অন্যান্য ক্ষেত্রে বিশেষ আর্থিক ছাড় দেয়ার মাধ্যমে প্রতিষ্ঠানদ্বয় দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে। এভাবে দরিদ্র, দুঃস্থ ও অসহায় রোগীদের সহযোগিতার জন্য আমাদের রয়েছে “দরিদ্র রোগী কল্যাণ তহবিল”। উক্ত তহবিল থেকে আমরা উপরোক্ত ক্ষেত্রে সার্বিক সহযোগিতা করে থাকি। এখানে উল্লেখ্য যে, অনুদান তহবিলের টাকা শুধুমাত্র দরিদ্র রোগীদের জন্য ব্যয় করা হয়। অতীতে আপনার অনুদান, যাকাত, আর্থিক ও বস্তুগত সাহায্য দিয়ে আর্ত-মানবতার সেবায় আমাদেরকে অনুপ্রাণিত করেছে। এজন্য আপনাকে আমরা আন্তরিকভাবে ধন্যবাদ জানাই। বর্তমানে আমাদের প্রতিষ্ঠান দু'টি সম্প্রসারিত হওয়ায় এবং বিভিন্ন নতুন বিভাগ চালু হওয়ায় রোগীর সংখ্যা বিপুল পরিমাণে বৃদ্ধি পেয়েছে। তাই, আগত দুঃস্থ ও অসহায় রোগীদের সহযোগিতায় আমরা আরো বৃহৎ পরিকল্পনা গ্রহণ করেছি। এ জন্য দরিদ্র, অসহায় ও দুঃস্থ রোগীদের সহযোগিতার জন্য উক্ত পরিকল্পনা বাস্তবায়নে “দরিদ্র রোগী কল্যাণ তহবিল”এ বিপুল অংকের টাকার প্রয়োজন।

এমতাবস্থায় আপনারা সংকটাপন্ন গরীব-দুঃখী মানুষের জীবন বাঁচাতে, অসংখ্য গরীব মা-বোনদের প্রসবকালীন মৃত্যুঝুঁকি কমাতে, দরিদ্র ও অসহায় রোগীদের অপারেশন, NICU, HDU, CCU সেবা, দাঁতের চিকিৎসা ও অন্যান্য ক্ষেত্রে আর্থিক সহযোগিতা ও বিনামূল্যে ঔষধ বিতরণের জন্য “দরিদ্র রোগী কল্যাণ তহবিল” এ আপনাদের এককালীন সাহায্য, অনুদান, যাকাত অথবা বস্তুগত সাহায্য দিয়ে আর্ত-মানবতার সেবায় এগিয়ে আসবেন বলে আশা করছি। আল্লাহ আমাদের সবার দান ও প্রচেষ্টাকে কবুল করে তার বিনিময়ে আমাদেরকে জায়ায়ে খায়ের দান করুন। আমীন।

মা-আসসালাম,

**মুহাম্মদ নূর উল্লাহ**

আস্থায়ক, দরিদ্র রোগী কল্যাণ তহবিল ও  
সদস্য, বোর্ড অব ট্রাস্টীজ ও সদস্য গর্ভগিৎ বডি  
সিআইএমসিএইচ ও সিআইডিসিএইচ।  
মোবাইল: ০১৭১১-৮৪৫৭৭৮

A/C Name:

**CIMCH Rogi Kallyan Shangstha**

A/C Number : 012313100000522

First Security Islami Bank Limited

**Bahaddarhat Branch**

Chattogram.